



ভাসা ফাউন্ডেশনের উদ্যোগে চট্টগ্রাম নগরীর মুনসীপাড়ার মনিরনগর এলাকায় দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর মাঝে বিনামূল্যে চিকিৎসাসেবা দেয়া হয় -ভোক্তা কাগজ

দরিদ্র জনগোষ্ঠীর মাঝে বিনামূল্যে চিকিৎসাসেবা

চট্টগ্রাম অফিস : ভোলান্টারি একটিভিটিস ফর সোস্যাল অ্যান্ড হিউম্যান এডভান্সমেন্ট ফাউন্ডেশনের (ভাসা ফাউন্ডেশন) উদ্যোগে নগরীর মুনসীপাড়ার মনিরনগর এলাকায় দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর মাঝে বিনামূল্যে চিকিৎসাসেবা পরিচালনা করা হয়েছে।

গত ২৭ জুলাই জরিণা মফজ্জল সিটি করপোরেশন কলেজে এই চিকিৎসা ক্যাম্পেইন চালানো হয়। সরকারি ২৫০ শয্যা বিশিষ্ট নোয়াখালী সদর হাসপাতালের সহকারী রেজিস্ট্রার ও বিশেষজ্ঞ চিকিৎসক ডা. অনুপম মজুমদারের নেতৃত্বে এই চিকিৎসা কার্যক্রম পরিচালিত হয়। এই কার্যক্রমে শতাধিক গরিব ও সুবিধাবঞ্চিত নারী-পুরুষ ও শিশুকে বিনামূল্যে চিকিৎসাসেবা দেয়া হয়।

চিকিৎসাসেবার শুরুতে প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী পরিমল কান্তি পাল বলেন, অর্থনৈতিক কাজে নিযুক্ত থাকতে হলে প্রত্যেক মানুষকে সুস্থ থাকা জরুরি। আর সুস্থ থাকতে হলে চিকিৎসা সেবা নিতে হবে। ভাসা ফাউন্ডেশন গরিব ও সুবিধাবঞ্চিত মানুষদের বিনামূল্যে চিকিৎসাসেবা দিয়ে থাকে।